# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৪৩

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - নিষিদ্ধ বস্তু ক্রয়-বিক্রয়

بَابُ الْمَنْهِيِّ عَنْهَا مِنَ الْبُيُوْعِ

## আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: كَانُوا يَبْتَاعُونَ الطَّعَامَ فِي أَعلَى السُّوقِ فيبيعُونَه فِي مكانهِ فَنَهَاهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ بَيْعِهِ فِي مَكَانِهِ حَتَّى يَنْقِلُوهُ. رَوَاهُ أَبُو دَاوُد وَلم أَجِدهُ فِي الصَّحِيحَيْنِ

## বাংলা

২৮৪৩-[১০] ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, অনেক মানুষ বাজারে আগত খাদ্যদ্রব্য বাজারের সম্মুখে গিয়েই ক্রয় করে ফেলতো। অতঃপর এখানে বসেই আবার এ মাল বিক্রি করতো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ শ্রেণীর ক্রেতাদেরকে সেখান থেকে ঐ খাদ্যদ্রব্য (বিক্রয়ের সাধারণ জায়গায় সরিয়ে না) নিয়ে সেখানে বসেই বিক্রি করতে নিষেধ করেছেন, (অর্থাৎ- যে স্থানে ক্রয় করেছে ঐ স্থানে বিক্রয় না করে অন্য স্থানে বিক্রয় করা)। (আবূ দাঊদ; আর আমি হাদীসটি বুখারী-মুসলিমে পাইনি)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ২১৬৭, মুসলিম ১৫২৭, আবূ দাঊদ ৩৪৯৪, নাসায়ী ৪৬০৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসটি এ মর্মে দলীল যে, যে ব্যক্তি খাদ্য ক্রয় করবে, অতঃপর ক্রয় করার স্থান ত্যাগ না করে উক্ত খাদ্য বিক্রি করা তার জন্য বৈধ নয়। আর এটাই জুমহূর ‘উলামাগণের বক্তব্য। (‘আওনুল মা‘বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৪৯১)

কারণ এ ক্ষেত্রে স্থান ত্যাগ করার মাধ্যমে দ্রব্য হস্তগত হয়। এটা ‘আল্লামা ত্বীবী (রহঃ)-এর মত। ইবনুল মালিক (রহঃ) বলেনঃ এক্ষেত্রে দ্রব্যের স্থানান্তর, অর্থাৎ তা বিক্রেতার হাত থেকে ক্রেতার হাতে পৌঁছা। আর উক্ত স্থান

হতে অন্য স্থান, অর্থাৎ- যে স্থানে দ্রব্য কেনা হলো তা পুনরায় বিক্রি করতে চাইলে উক্ত স্থান হতে অবশ্যই অন্য স্থানে যেতে হবে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68170

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন